



তারিখ: ২৪ বৈশাখ ১৪২৭  
০৭ মে ২০২০

নম্বর-০৫.৪২.০৩৯১.০০১.১২.০২০.২০.২৯০

## বিজ্ঞপ্তি

যেহেতু, সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ (২০১৮ সালের ৬১ ননং আইন) এর ১১ (১) ধারার ক্ষমতাবলে সরকার সমগ্র বাংলাদেশকে সংক্রমণের ঝুঁকিপূর্ণ এলাকা হিসেবে ঘোষণা করেছে;

এবং

যেহেতু, স্মারক নং- স্বাঃঅধিঃ/করোনা/২০২০-৫২, তারিখ- ০৬ মে ২০২০ মূলে স্বাস্থ্য অধিদপ্তর হতে জারীকৃত ঘোষণায়, যে সকল জেলা/উপজেলা এখন পর্যন্ত করোনা ভাইরাস সংক্রমণ মুক্ত রয়েছে, সে সকল এলাকায় বহিরাগতদের আগমন কঠোরভাবে নিয়ন্ত্রণ করে বিশেষ ব্যবস্থাপনায় যুক্তিসংগতভাবে স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশ দেয়া হয়েছে;

এবং

যেহেতু, রুমা উপজেলায় অদ্যাবধি পর্যন্ত করোনা আক্রান্ত কোন ব্যক্তি সনাক্ত হয়নি,  
সেহেতু, রুমা উপজেলায়-

- ১) রাত ৮:০০ টা হতে সকাল ৬:০০ টা পর্যন্ত অতীব জরুরি প্রয়োজন ( ঔষধ ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ সংকার ইত্যাদি) ব্যতীত কোনভাবেই বাড়ির বাইরে আসা যাবে না;
- ২) অন্য উপজেলা হতে এ উপজেলায় আগমন কঠোর ভাবে নিয়ন্ত্রিত থাকবে;
- ৩) স্থানীয় প্রশাসন কর্তৃক লকডাউন (Lock down) ঘোষণা করা হয়েছে এমন উপজেলা হতে কেউ রুমা উপজেলায় প্রবেশ করতে পারবেন না;
- ৪) চলাচল নিষেধাজ্ঞাকালীন জনসাধারণ এবং সকল কর্তৃপক্ষকে অবশ্যই স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশমালা কঠোরভাবে মেনে চলতে হবে;

জনস্বার্থে রুমা উপজেলাবাসীর স্বাস্থ্য বিবেচনায় এ বিজ্ঞপ্তি জারী করা হলো। বিজ্ঞপ্তি অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
০৭/০৫/২০২০

(মো: শামসুল আলম)

পরিচিতি নম্বর- ১৬৮০৯

উপজেলা নির্বাহী অফিসার ও

সভাপতি

রুমা উপজেলা করোনা ভাইরাস প্রতিরোধ কমিটি

রুমা, বান্দরবান পার্বত্য জেলা

ফোন- ০১৭১১০১২৩৫৭

ইমেইল- [unoruma@mopa.gov.bd](mailto:unoruma@mopa.gov.bd)

বিতরণ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা
- ২। জোন কমান্ডার, রুমা জোন, রুমা, বান্দরবান পার্বত্য জেলা
- ৩। চেয়ারম্যান, রুমা উপজেলা পরিষদ, রুমা, বান্দরবান পার্বত্য জেলা
- ৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, রুমা উপজেলা পরিষদ, রুমা, বান্দরবান পার্বত্য জেলা
- ৫। উপজেলা ..... অফিসার, রুমা, বান্দরবান পার্বত্য জেলা
- ৬। অফিসার ইনচার্জ, রুমা থানা, রুমা, বান্দরবান পার্বত্য জেলা
- ৭। চেয়ারম্যান (সকল), ..... ইউনিয়ন পরিষদ, রুমা, বান্দরবান পার্বত্য জেলা